

ইজিসিবি সংবাদ

ইজিসিবি এর কর্মকান্ড সম্পর্কিত একটি ত্রৈমাসিক প্রকাশনা
বর্ষ ০১, সংখ্যা ০২, অক্টোবর-ডিসেম্বর, ২০২১



২২ ডিসেম্বর, ২০২১ বুধবার ইজিসিবি'র ২৪-তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত বিদ্যুৎ বিভাগ, বিউবো এবং ইজিসিবি'র কর্মকর্তাবৃন্দের একাংশ। সভায় ইজিসিবির সার্বিক বিষয়ে আলোচনা হয় এবং আলোচনা শেষে অতিথিবৃন্দ নৈশভোজে অংশ নেন।

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে ইজিসিবিতে জাতীয় পতাকা উত্তোলন, আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত



বিজয় দিবসে স্বাধীনতার সূর্যসন্তানদের জন্য ইজিসিবিতে দোয়ার আয়োজন



স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীতে ইজিসিবি'র বিদ্যুৎ কেন্দ্রসমূহে জাতীয় পতাকা উত্তোলন এবং শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন



৫০ বছর আগে এই দিনে, স্বাধীন বাংলাদেশের জন্ম হয়েছিল রক্তক্ষয়ী যুদ্ধের মাধ্যমে। পাকিস্তান সেনাবাহিনীর নির্মম হত্যাযজ্ঞের মুখোমুখি হয়ে এই ভূমির স্বাধীনতাকামী জনগোষ্ঠী তাদের অটল সংকল্প ও অসীম আত্মত্যাগের বিনিময়ে ইতিহাসের ধারাকে বদলে দেয় এবং বাঙালি জাতিকে এক নতুন শুরুর দিকে নিয়ে যায়। সেই ধারাবাহিকতায় আজ বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী।

স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উৎসবের অংশ হিসেবে ইজিসিবি'র বিদ্যুৎ কেন্দ্রসমূহে ১৬ ডিসেম্বর প্রত্যবে জাতীয় পতাকা উত্তোলন করা হয় এবং শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। এছাড়াও বিদ্যুৎ কেন্দ্রসমূহে জাতীয় জীবনে বিজয় দিবসের তাৎপর্য ও গুরুত্ব সম্বলিত আলোচনা সভা এবং দোয়া-মাহফিল অনুষ্ঠিত হয়। ইজিসিবি'র কর্পোরেট দপ্তরের কনফারেন্স রুমে ১৫ ডিসেম্বর স্বাধীনতা যুদ্ধে শহীদদের জন্য দোয়ার আয়োজন করা হয়।

ইজিসিবি'র ২৪-তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

২২ ডিসেম্বর, ২০২১ বুধবার ইজিসিবি'র ২৪-তম বার্ষিক সাধারণ সভা বিদ্যুৎ ভবনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যুৎ বিভাগের সচিব, জনাব মোঃ হাবিবুর রহমান মহোদয়। এছাড়াও ইজিসিবি'র সম্মানিত চেয়ারম্যান, ইজিসিবি বোর্ডের পরিচালকবৃন্দ এবং ব্যবস্থাপনা পরিচালক মহোদয়, পাওয়ার সেল এর মহাপরিচালক মহোদয় এবং বিদ্যুৎ বিভাগ ও বিউবো'র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে বিদ্যুৎ বিভাগে সম্মানিত সচিব মহোদয়, ইজিসিবি'র চেয়ারম্যান মহোদয়, ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এবং পাওয়ার সেলের মহাপরিচালক মহোদয় শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানে ইজিসিবি'র সার্বিক দিক সম্পর্কে আলোকপাত করা হয় এবং ইজিসিবি'র উত্তরোত্তর উন্নয়ন ও সমৃদ্ধি কামনা করা হয়। অনুষ্ঠান শেষে অতিথিগণ নৈশভোজে অংশগ্রহণ করেন।

সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃওঃ পিপিপি এর উভয় গ্যাস টার্বাইনের এন্যুয়েল ডিপেন্ডেবল ক্যাপাসিটি, গ্যাস টার্বাইন-২ এর মেজর ইন্সপেকশন এবং ফায়ার ড্রিল সম্পন্ন

ইজিসিবি'র নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জে অবস্থিত ২X১২০ মেঃওঃ পিপিপি এর কর্মকর্তাদের অগ্নি-নির্বাপন ব্যবস্থা সম্পর্কে সচেতনতার অংশ হিসেবে জরুরী অবস্থা মোকাবেলার জন্য গত ৩১ অক্টোবর, ২০২১ তারিখে একটি ফায়ার ড্রিল সম্পন্ন হয়। ফায়ার সার্ভিস, আদমজী ইউনিট এর তত্ত্বাবধানে উক্ত ড্রিলটি পরিচালনা করা হয়। ড্রিলটি অত্র বিদ্যুৎ কেন্দ্রের প্রশাসন শাখা কর্তৃক আয়োজন করা হয়েছিলো। বিদ্যুৎ কেন্দ্রের সংশ্লিষ্ট সকল কর্মকর্তাবৃন্দ ড্রিলে অংশ নিয়েছিলেন।



সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃওঃ পিপিপি বিদ্যুৎ কেন্দ্রের ফায়ার ড্রিলের একাংশ

ইজিসিবি'র সিদ্ধিরগঞ্জে ২X১২০ মেঃওঃ পিপিপি এর গ্যাস টার্বাইন-২ এর মেজর ইন্সপেকশন কাজ ০৭ নভেম্বর, ২০২১ হতে এবং দ্বিতীয় ইউনিটের জেনারেটর ওভারহোলিং ১২ নভেম্বর, ২০২১ হতে শুরু হয়। ইজিসিবি'র ব্যবস্থাপনা পরিচালক, নির্বাহী পরিচালক (ওএন্ডএম) মহোদয় গত ১৮ নভেম্বর, ২০২১ তারিখে বিদ্যুৎ কেন্দ্রের গ্যাস টার্বাইন-২ এর মেজর ইন্সপেকশন এবং দ্বিতীয় ইউনিটের জেনারেটর ওভারহোলিং পরিদর্শন করেন। পরিদর্শন শেষে বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তাবৃন্দের সাথে বিদ্যুৎ কেন্দ্রের সার্বিক বিষয়ে আলোচনা সভায় অংশ নেন।



সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃওঃ পিপিপি বিদ্যুৎ কেন্দ্রের গ্যাস টার্বাইন-২ এর মেজর ইন্সপেকশন কাজের একাংশ

ইজিসিবি'র নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জে অবস্থিত ২X১২০ মেঃওঃ পিপিপি এর উভয় গ্যাস টার্বাইনের এন্যুয়েল ডিপেন্ডেবল ক্যাপাসিটি টেস্ট গত ২১ অক্টোবর ২০২১ তারিখে সম্পন্ন হয়। এ সময় বিউবো, পিজিসিবি এবং বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। বিদ্যুৎ কেন্দ্রের ডিপেন্ডেবল ক্যাপাসিটি ২০৮.৬১৫ মেঃওঃ পাওয়া গিয়েছে।



সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃওঃ পিপিপি এর এন্যুয়েল ডিপেন্ডেবল ক্যাপাসিটি টেস্ট সম্পন্ন



ব্যবস্থাপনা পরিচালক এবং নির্বাহী পরিচালক (ওএন্ডএম) মহোদয়ের সাথে সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃওঃ পিপিপি বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তাবৃন্দের আলোচনা সভার একাংশ। এ সময় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বিদ্যুৎ কেন্দ্রের সার্বিক দিক নিয়ে আলোচনা করেন এবং প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন।




স্বাধীনতার মহান স্থপতি ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে জানাতে ও জ্ঞানচর্চা অব্যাহত রাখার লক্ষ্যকে সামনে রেখে সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ সিসিপিপি তে মুজিব কর্ণার উদ্বোধন করা হয়।

সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রে মুজিব কর্ণার উদ্বোধন, বৃক্ষরোপণ ও আলোচনা সভা অনুষ্ঠিত

বাংলাদেশ কে জানতে হলে বঙ্গবন্ধুকে জানতে হবে, বঙ্গবন্ধুকে জানতে হলে বাংলাদেশ কে জানতে হবে- বঙ্গবন্ধুকে জানাতে ও জ্ঞানচর্চা অব্যাহত রাখার লক্ষ্যকে সামনে রেখে সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃ ওঃ সিসিপিপি বিদ্যুৎ কেন্দ্রে মুজিব কর্ণার উদ্বোধন করা হয়। মুজিব কর্ণার উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব ও ইজিসিবি লিঃ এর সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ নূরুল আলম মহোদয়। এসময় উপস্থিত ছিলেন ইজিসিবি লিঃ এর সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক, নির্বাহী পরিচালকগণ, প্রধান প্রকৌশলী সহ আরও উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। মুজিব কর্ণারে বঙ্গবন্ধুর বিভিন্ন দুর্লভ ছবি ও কাজের আলোকচিত্র এবং বঙ্গবন্ধুর উপর লেখা বিভিন্ন বই স্থান পেয়েছে। এসময় চেয়ারম্যান মহোদয় বলেন বিদ্যুৎকেন্দ্রের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ মুজিব কর্ণারে রক্ষিত বই পড়ে বঙ্গবন্ধু ও তার চিন্তা চেতনা সম্পর্কে জানতে পারবেন এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শকে ধারণ করে সং ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করবেন বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

মুজিব কর্ণার উদ্বোধনের পাশাপাশি সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃ ওঃ সিসিপিপি বিদ্যুৎ কেন্দ্রে বৃক্ষরোপণ কর্মসূচির আয়োজন করা হয়। এসময় ইজিসিবি'র সম্মানিত চেয়ারম্যান এবং ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশগ্রহণ করেন। পরিশেষে চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তাবৃন্দের সাথে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় বিদ্যুৎ কেন্দ্রের সার্বিক বিষয় নিয়ে আলোচনা হয়।



সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ সিসিপিপি তে বৃক্ষরোপণ কর্মসূচির একাংশ



সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ সিসিপিপি তে মুজিব কর্ণার উদ্বোধন এবং জাতীয় জীবনে শেখ মুজিবের আদর্শ ধারণের বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করা হয়।



ইজিসিবি'র চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভার স্থিরচিত্র। এ সময় চেয়ারম্যান মহোদয় বিদ্যুৎ কেন্দ্রের সার্বিক দিক নিয়ে আলোচনা করেন এবং প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন।

সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের ডিপেন্ডেবল ক্যাপাসিটি টেস্ট সম্পন্ন



গত ৭ই অক্টোবর, ২০২১ তারিখে ইজিসিবি লিঃ সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃ ওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের ২য় বার্ষিক ডিপেন্ডেবল ক্যাপাসিটি টেস্ট সম্পন্ন হয়। এসময় উপস্থিত ছিলেন ইজিসিবি সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃ ওঃ বিদ্যুৎ কেন্দ্রের প্রধান প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীগন, বিউবো এর আইপিপি সেল ও কোম্পানী এফেয়ার্স এর কর্মকর্তা ও বিদ্যুৎকেন্দ্রের কর্মকর্তাবৃন্দ। উক্ত ক্যাপাসিটি টেস্টে বিদ্যুৎ কেন্দ্রের ডিপেন্ডেবল ক্যাপাসিটি পাওয়া যায় ৩৩৫ মেঃওঃ। উল্লেখ্য বিদ্যুৎকেন্দ্রটি পূর্ণ ক্যাপাসিটিতে জাতীয়গ্রীডে বিদ্যুৎ সরবরাহ করছে।

ইজিসিবি'র কর্মকর্তাদের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও সিটিজেন চার্টার কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ এবং কর্মচারীদের দাপ্তরিক দায়িত্বসমূহ, চাকরির করণীয় ও বর্জনীয় নিয়মনীতি, আচার-ব্যবহার, স্বাস্থ্যবিধি মেনে পরিষ্কার-পরিচ্ছন্নতা রক্ষা বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন

ইজিসিবি তে জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও সিটিজেন চার্টার কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক ১টি প্রশিক্ষণ ১৭/১১/২০২১ তারিখ সকাল ১০:০০ টা থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত কর্পোরেট অফিসের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে কর্পোরেট দপ্তরের ১৯ জন স্বশরীরে এবং বিদ্যুৎ কেন্দ্রসমূহ হতে ১০ জন কর্মকর্তা অনলাইনে অংশগ্রহণ করেন।

ড.কাজী মুহাম্মদ হুমায়ুন কবীর, উপমহাব্যবস্থাপক (এইচএসইকিউ), কর্পোরেট অফিস, ইজিসিবি লিঃ, ঢাকা জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে এবং জনাব এমদাদুল হক, সহকারী ব্যবস্থাপক (লিগ্যাল), কর্পোরেট অফিস, ইজিসিবি লিঃ, ঢাকা সিটিজেন চার্টার কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেন।

ইজিসিবি তে দাপ্তরিক দায়িত্বসমূহ, চাকরির করণীয় ও বর্জনীয় নিয়মনীতি, আচার-ব্যবহার, স্বাস্থ্যবিধি মেনে পরিষ্কার-পরিচ্ছন্নতা রক্ষা বিষয়ক প্রশিক্ষণ ২১/১১/২০২১ তারিখে কর্পোরেট অফিসের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে কর্পোরেট দপ্তরের বিভিন্ন পদে কর্মরত মোট ২২ জন কর্মচারী অংশগ্রহণ করেন।

জনাব মোঃ আবু হেনা ফয়জুল হক, জেনারেল ম্যানেজার (এইচআর); জনাব তাওহিদুল ইসলাম, উপব্যবস্থাপক (এইচআর) এবং জনাব মোঃ রবিউল ইসলাম, ব্যবস্থাপক (এইচআর) কর্পোরেট অফিস, ইজিসিবি লিঃ, ঢাকা উক্ত প্রশিক্ষণ প্রদান করেন।



ইজিসিবি'র কর্মকর্তা ও কর্মচারীদের বিভিন্ন প্রশিক্ষণের স্থিরচিত্র

নির্বাহী পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয়ের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত

জনাব মোঃ মতিউল ইসলাম, নির্বাহী পরিচালক (প্রশাসন অর্থ), ইজিসিবি লিঃ, ঢাকা ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুগ্মসচিব ০৭/০৯/২০২১ তারিখে অতিরিক্ত সচিব পদে পদোন্নতি প্রাপ্ত হন এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে পদস্থ হন। ৩০/০৯/২০২১ তারিখে ইজিসিবি'র কর্পোরেট দপ্তরের কনফারেন্স রুমে নির্বাহী পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয়ের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়। ইজিসিবি'র সম্মানিত চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, নির্বাহী পরিচালকগণ ও অন্যান্য কর্মকর্তাগণ সংবর্ধনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। এ সময় জনাব মোঃ মতিউল ইসলাম, নির্বাহী পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয়কে ফ্রেস্ট প্রদান ও ফুলেল শুভেচ্ছা প্রদান করা হয় এবং ইজিসিবির প্রতি তাঁর আন্তরিক শ্রম ও সেবার জন্য তাঁকে বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করা হয়।



জনাব মোঃ মতিউল ইসলাম, নির্বাহী পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয়কে ফ্রেস্ট প্রদান করছেন ইজিসিবি'র সম্মানিত চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, নির্বাহী পরিচালকগণ ও অন্যান্য কর্মকর্তাগণ।



হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান একটি নাম, চেতনা ও অধ্যায়। তার জন্ম না হলে হয়তো আমরা স্বাধীন, সার্বভৌম রাষ্ট্র পেতাম না। তিনি একইসঙ্গে ডাক দিয়েছিলেন স্বাধীনতা ও মুক্তির। তাঁর সেই ডাকে সাড়া দিয়ে বাঙালি জাতি বীরের মতো লড়াই করে স্বাধীন ভূখণ্ড অর্জন করে বিশ্ব মানচিত্রে সার্বভৌম দেশ হিসেবে বাংলাদেশ প্রতিষ্ঠিত করেছে। এটি অনস্বীকার্য যে, বাথান্নর ভাষা আন্দোলন থেকে শুরু করে একাত্তরের স্বাধীনতা সংগ্রাম শুধু বাঙালির নয়, সমগ্র মানবজাতির ইতিহাসেই এক অবিদ্যমান গৌরবোজ্জ্বল অধ্যায়। আর এই অধ্যায়ের মহানায়ক জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। এই সারসত্যকে কখনো চেপে রাখা যায়নি, যাবেও না ভাবীকালে।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সমাধিসৌধে শ্রদ্ধা জ্ঞাপন



জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সমাধিসৌধে পুষ্পস্তবক অর্পণ



পুষ্পস্তবক অর্পণ শেষে জাতির পিতার আত্মার শান্তি কামনা করে তাঁর জন্য দোয়া করা হয়

মুজিব বর্ষ উৎযাপনের অংশ হিসেবে ইজিসিবি লিঃ কর্তৃক গোপালগঞ্জের টুঞ্জিপাড়ায় অবস্থিত জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সমাধিসৌধে শ্রদ্ধা জানাতে ২১ নভেম্বর, ২০২১ তারিখে ভ্রমণ করা হয়। উক্ত ভ্রমণে ইজিসিবি'র ব্যবস্থাপনা পরিচালক, নির্বাহী পরিচালকগণ ও অন্যান্য কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। এ সময় গোপালগঞ্জ ১০০ মেঃওঃ পিকিং পাওয়ার প্লান্ট এর কর্মকর্তাগণ উপস্থিত থেকে উক্ত ভ্রমণে সার্বিক সহযোগিতা প্রদান করেন। ইজিসিবি'র কর্মকর্তাগণ জাতির পিতার সমাধি সৌধ কমপ্লেক্স এর অন্তর্ভুক্ত বিভিন্ন ঐতিহাসিক গুরুত্বপূর্ণ সংগ্রহ বিশিষ্ট জাদুঘর, দুর্লভ ছবিসম্পন্ন ফটোগ্যালারি এবং বঙ্গবন্ধুর জীবনী ও বাংলাদেশের ইতিহাস সম্পর্কিত বইসমৃদ্ধ লাইব্রেরী পরিদর্শন করেন। ইজিসিবি'র কর্মকর্তাগণ জাতির পিতার সমাধিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন এবং সকলে একত্রিত হয়ে মহান আল্লাহ্ তায়ালার দরবারে জাতির পিতার আত্মার শান্তি কামনা করে দোয়া করেন।



বিদ্যুৎ বিভাগের যুগ্মসচিব (বাজেট) জনাব রেজওয়ানুর রহমান, উপসচিব (উন্নয়ন-৪ অধিশাখা), জনাব মাহফুজা আখতার এবং ইজিসিবি'র কর্মকর্তাবৃন্দ

ইজিসিবি লিঃ এর আওতাধীন ফেনী জেলার সোনাগাজী উপজেলায় চলমান প্রকল্পসমূহ পরিদর্শন

বিদ্যুৎ বিভাগের যুগ্মসচিব (বাজেট) ও উপসচিব (উন্নয়ন-৪ অধিশাখা) গত ০৮ নভেম্বর, ২০২১ তারিখে ফেনী জেলার সোনাগাজী উপজেলায় চরচান্দিয়া ইউনিয়নের পূর্ববড়খলী মৌজায় ইজিসিবি কর্তৃক অধিগ্রহণকৃত ৯৯৯.৬৫ একর ভূমিতে পরিকল্পনাধীন ইজিসিবি লিঃ এবং Alfanar Company, Saudi Arabia এর মধ্যে জয়েন্ট ভেঞ্চারের মাধ্যমে ১০০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য প্রস্তাবিত প্রকল্প এলাকা; ইজিসিবি এবং Marubeni Corporation, Japan এর মধ্যে জয়েন্ট ভেঞ্চারের মাধ্যমে ১০০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য প্রস্তাবিত প্রকল্প এলাকা এবং তদসংলগ্ন বাস্তবায়নাধীন সোনাগাজী ৫০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প এলাকা পরিদর্শন করেন। এ সময় প্রকল্প পরিচালক, সোনাগাজী ৫০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প ও ইজিসিবি'র অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

ইজিসিবি'র কর্পোরেট দপ্তর, সিদ্ধিরগঞ্জ ২৫১২০ মেঃ ওঃ পিপিপি, সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ সিসিপিপি এবং হরিপুর ৪১২ মেঃওঃ সিসিপিপি এর IMS সার্টিফিকেশন সম্পন্ন হয়েছে।



Bureau Veritas Certification

ELECTRICITY GENERATION COMPANY OF BANGLADESH LIMITED



HEAD OFFICE: UNIQUE HEIGHTS (LEVEL-15,16), 117 KAZI NAZRUL ISLAM AVENUE, ESKATON GARDEN, DHAKA-1217, BANGLADESH.

This is a multi-site certificate, additional site(s) are listed on the next page(s)

Bureau Veritas Certification Holding SAS – UK Branch certifies that the Management System of the above organization has been audited and found to be in accordance with the requirements of the Management System Standards detailed below.

Standards

ISO 9001:2015, ISO 14001:2015 & ISO 45001:2018

Scope of certification

GENERATION AND SUPPLY OF POWER TO NATIONAL GRID AND ADMINISTRATIVE SUPPORT FOR HUMAN RESOURCES DEVELOPMENT, PROCUREMENT AND HEAD OFFICE ACTIVITIES.

Original cycle start date: **20 May 2019**
 Expiry date of previous cycle: **Not Applicable**
 Certification Audit date: **06 August 2021**
 Certification cycle start date: **20 May 2019**

Subject to the continued satisfactory operation of the organization's Management System, this certificate expires on: **19 May 2022**

Certificate No. **IND.19.9186/IMU** Version: **2** Revision date: **01 August 2021**

J. Manian

Signed on behalf of BVCH SAS UK Branch
Jagdeesh N. MANIAN
 Head – CERTIFICATION, South Asia
 Commodities, Industry & Facilities Division



Certification body address: 5th Floor, 66 Prescott Street, London, E1 8HG, United Kingdom.

Local office: Bureau Veritas (Bangladesh) Pvt. Ltd.
 Symphony (5th Floor), Plot: SE/1/9, Road-142
 South Avenue, Gulshan-1, Dhaka-1212, Bangladesh

Page 1 of 2

Further clarifications regarding the scope of this certificate and the applicability of the management system requirements may be obtained by consulting the organization. To check this certificate validity please call +88 (02) 8834765.



Bureau Veritas Certification

ELECTRICITY GENERATION COMPANY OF BANGLADESH LIMITED



Bureau Veritas Certification Holding SAS – UK Branch certifies that the Management System of the above organisation has been audited and found to be in accordance with the requirements of the Management System Standards detailed below

Standards

ISO 9001:2015, ISO 14001:2015 & ISO 45001:2018

The following site is part of the Management System of the above organisation:

ELECTRICITY GENERATION COMPANY OF BANGLADESH LIMITED

PLANT: SIDHIRGANJ 335 MW COMBINED CYCLE POWER PLANT, EGCB LTD, SIDHIRGANJ, NARAYANGANJ.

Scope of certification

GENERATION AND SUPPLY OF POWER TO NATIONAL GRID.

Certificate No. **IND.19.9186/IMU 4 of 4** Version: **2** Revision date: **01 August 2021**
 The validity of this certificate depends on the validity of the main certificate, which expires on: **19 May 2022**

J. Manian

Signed on behalf of BVCH SAS UK Branch
Jagdeesh N. MANIAN
 Head – CERTIFICATION, South Asia
 Commodities, Industry & Facilities Division



Certification body address: 5th Floor, 66 Prescott Street, London, E1 8HG, United Kingdom.

Local office: Bureau Veritas (Bangladesh) Pvt. Ltd.
 Symphony (5th Floor), Plot: SE/1/9, Road-142
 South Avenue, Gulshan-1, Dhaka-1212, Bangladesh.

Further clarifications regarding the scope of this certificate and the applicability of the management system requirements may be obtained by consulting the organization. To check this certificate validity please call +88 (02) 8834765.



Bureau Veritas Certification

ELECTRICITY GENERATION COMPANY OF BANGLADESH LIMITED



Bureau Veritas Certification Holding SAS – UK Branch certifies that the Management System of the above organisation has been audited and found to be in accordance with the requirements of the Management System Standards detailed below

Standards

ISO 9001:2015, ISO 14001:2015 & ISO 45001:2018

The following site is part of the Management System of the above organisation:

ELECTRICITY GENERATION COMPANY OF BANGLADESH LIMITED

PLANT: SIDHIRGANJ 2X120 MW PEAKING POWER PLANT, EGCB LTD, SIDHIRGANJ, NARAYANGANJ.

Scope of certification

GENERATION AND SUPPLY OF POWER TO NATIONAL GRID.

Certificate No. **IND.19.9186/IMU 2 of 4** Version: **2** Revision date: **01 August 2021**

The validity of this certificate depends on the validity of the main certificate, which expires on: **19 May 2022**

J. Manian

Signed on behalf of BVCH SAS UK Branch
Jagdeesh N. MANIAN
 Head – CERTIFICATION, South Asia
 Commodities, Industry & Facilities Division



Certification body address: 5th Floor, 66 Prescott Street, London, E1 8HG, United Kingdom.

Local office: Bureau Veritas (Bangladesh) Pvt. Ltd.
 Symphony (5th Floor), Plot: SE/1/9, Road-142
 South Avenue, Gulshan-1, Dhaka-1212, Bangladesh

Further clarifications regarding the scope of this certificate and the applicability of the management system requirements may be obtained by consulting the organization. To check this certificate validity please call +88 (02) 8834765.



Bureau Veritas Certification

ELECTRICITY GENERATION COMPANY OF BANGLADESH LIMITED



Bureau Veritas Certification Holding SAS – UK Branch certifies that the Management System of the above organisation has been audited and found to be in accordance with the requirements of the Management System Standards detailed below

Standards

ISO 9001:2015, ISO 14001:2015 & ISO 45001:2018

The following site is part of the Management System of the above organisation:

ELECTRICITY GENERATION COMPANY OF BANGLADESH LIMITED

PLANT: HARIPUR 412 MW COMBINED CYCLE POWER PLANT, EGCB LTD, HARIPUR, NARAYANGANJ.

Scope of certification

GENERATION AND SUPPLY OF POWER TO NATIONAL GRID.

Certificate No. **IND.19.9186/IMU 3 of 4** Version: **2** Revision date: **01 August 2021**

The validity of this certificate depends on the validity of the main certificate, which expires on: **19 May 2022**

J. Manian

Signed on behalf of BVCH SAS UK Branch
Jagdeesh N. MANIAN
 Head – CERTIFICATION, South Asia
 Commodities, Industry & Facilities Division



Certification body address: 5th Floor, 66 Prescott Street, London, E1 8HG, United Kingdom.

Local office: Bureau Veritas (Bangladesh) Pvt. Ltd.
 Symphony (5th Floor), Plot: SE/1/9, Road-142
 South Avenue, Gulshan-1, Dhaka-1212, Bangladesh.

Further clarifications regarding the scope of this certificate and the applicability of the management system requirements may be obtained by consulting the organization. To check this certificate validity please call +88 (02) 8834765.